

## ইসলামে অহংকার বোধ এবং গর্ববোধ

সাহাবীদের মধ্যে একজন বললেন," হে রাসূলুল্লাহ! আমি এমন একজন মানুষ যে সুন্দর পোশাক এবং সুন্দর জুতা পড়তে পছন্দ করি। এর মধ্যে কি কোনো ভুল আছে? আমার নিজেকে সুন্দর দেখাতে পছন্দ করি। আমি কি অহংকারীদের অন্তর্ভুক্ত হবো? আমি কি গর্ব করছি?"

রাসূল (সাঃ) বললেন, "না, আল্লাহ সুন্দর। আল্লাহ সৌন্দর্য পছন্দ করেন। "

এবং, আদতে, আল্লাহর নামসমূহের মধ্যে একটি হলো "সুন্দর"- (আল-জামীল: সবথেকে সুন্দর)। আল্লাহর সৌন্দর্যের বাহিরে কোনো সৌন্দর্য নেই। এটি তাঁর একটি নাম এবং তাঁর বৈশিষ্ট্য। আল্লাহ ভালোবাসেন আমাদের সুদৃশ দেখতে, আমাদের সুন্দর পোশাক পরিধান করা দেখতে, সুন্দরভাবে আচরণ এবং চিন্তা-ভাবনা করতে।

তারপর রাসূল (সাঃ) বললেন,"অহংকার এবং গর্ব করা দুটি জিনিস। "

قَالَ رَجُلٌ إِنَّ الرَّجُلَ يُحِبُّ أَنْ يَكُونَ ثَوْبُهُ حَسَنًا وَنَعْلُهُ حَسَنَةً . قَالَ " إِنَّ اللَّهَ

جَمِيلٌ يُحِبُّ الْجَمَالَ الْكِبْرُ بِطَرِّ الْحَقِّ وَغَمَطُ النَّاسِ

- একজন লোক জিজ্ঞেস করলেন," যদি কোনো লোক তাঁর পোশাক এবং জুতা সুদৃশ দেখাতে পছন্দ করে?" রাসূল (সাঃ) বললেন," আল্লাহ সুন্দর এবং আল্লাহ সৌন্দর্য পছন্দ করেন। অহংকার মানে সত্যকে প্রত্যাখ্যান করা এবং মানুষকে অবজ্ঞা করা। " (সহীহ মুসলিম, ৯১))

এখন শুনুন, পরিষ্কার সত্য এবং অধিকার অস্বীকার করা, আপনি জানেন তা সত্যি এবং তা সঠিক, আপনি শুধু ও গুলি অস্বীকার করছেন। আপনি বিধান প্রত্যাখ্যান করছেন। না, আমি মানছি না।

এটা প্রথম ধরণের অহংকার এবং গর্ব। এবং অন্য লোকদের দিকে অবজ্ঞা ভরে তাকানো। দ্বিতীয়ত, অহংকারবোধ দুটি জিনিস দ্বারা গঠিত: সত্যকে

প্রত্যাখ্যান ও অস্বীকার করা এবং মানুষদের অবজ্ঞা করা যেন আপনি মাননীয় কেউ।

Superiority complex, আমি অন্যদের থেকে ভালো, আমি অন্যদের থেকে শ্রেষ্ঠ। কোনো কারণ ছাড়া, শুধুমাত্র আমার জাতিসত্তার কারণে, আমার বর্ণের কারণে, আমার পৌরুষত্বের জন্য, আমার সার্টিফিকেট এর জন্য, আমার ধন-সম্পদের কারণে, আমি যে গাড়ি চালায় তাঁর জন্য, আমার পোশাকের জন্য, বংশের অহংকারে, বাড়ির অহংকারে, সোশাল মিডিয়া তে আমার কতগুলো ভিউ বা লাইক পরে এর জন্য। এইসব কারণে আমি নিজেকে অন্যদের থেকে শ্রেষ্ঠ মনে করি।

মাঝেমধ্যে কিছু রাকাত সালাত বেশি আদায় করার কারণে আমরা নিজেদেরকে অন্যদের থেকে শ্রেষ্ঠ মনে করি। আমি অন্যদের চেয়ে সুন্দরভাবে কুরআন পড়ি, আমি রাত-দিন যিকর করি, আমার চেয়ে বেশি কেউ করতে পারে না তাই আমি সবচেয়ে ভালো। হয়তো আমি দান করি এবং আমি অধিক মর্যাদাপূর্ণ কারণ কারণ আমি কয়েক টাকা বেশি দান করি। হয়তো আমি কিছু বেশি ভালো কর্ম করি এবং তাই নিজেকে শ্রেষ্ঠ ভাবি।

ভাই ও বোনেরা এইসকল কর্ম আমাদের আমাদের দ্বীন কে ধ্বংস করে দেয় কারণ আমরা এগুলো আল্লাহর জন্য করছি না।

অথচ, সাহাবীরা, রাসূল (সাঃ) এর সাথীরা এইভাবে দেখতেন: যে অহংকারী না সে সবসময় ভাবে তাঁর দোষ রয়েছে এবং তাঁর আরো ভালো করতে হবে। আর যে অহংকারী সে অল্প ভালো কাজ করেই মনে করবে সে সকল বিধান পূর্ণ করেছে এবং সকল পুণ্য লাভ করেছে, তার ছাড়া সবার উন্নতি করা লাগবে।

-বেলাল আস্আদ

প্রত্যেক মুসলমানের উচিত কোন অহংকার বা গর্ব না করা এবং শুধুমাত্র আল্লাহর জন্য ভালবাসা ও আন্তরিকতার সাথে কাজ করা এবং নিজের কর্ম প্রদর্শন করে না বেড়ানো।